

# আর্থিক সাহায্য

## রুক প্রশাসনের

সাপের কামড়ে ও বাজ পড়ে মৃত  
৪ জনের পরিবারকে আর্থিক  
সাহায্য করল মন্তেশ্বর রুক  
প্রশাসন। প্রতিটি পরিবারকে  
১ লক্ষ টাকার চেক তুলে দেন  
মন্তেশ্বরের বিডিও গোবিন্দ দাস।  
ছিলেন রুক বিপর্যয় ব্যবস্থাপন  
দপ্তরের আধিকারিক বুদ্ধদেব  
পাল, পঞ্চায়েত সমিতির সভাপতি  
প্রতিমা সাহা। ২০২২ সালের ১৬  
সেপ্টেম্বর মন্তেশ্বরের শুশুনিয়া  
পঞ্চায়েতের পানবড়েয়া গ্রামের  
বাসিন্দা রেহেনা শেখের মৃত্যু হয়  
সাপের কামড়ে। ওই বছরেই ২৫  
সেপ্টেম্বর সাপের কামড়ে মৃত্যু  
হয় জামনা পঞ্চায়েতের কানপুর  
গ্রামের বাসিন্দা পারমিতা দাসের।  
অন্যদিকে, ২৮ এপ্রিল মন্তেশ্বরের  
বাঘাসন পঞ্চায়েতের শুশুনা গ্রামের  
বাসিন্দা চম্পা মালিকের বাজ  
পড়ে মৃত্যু হয়। পর দিনই জামনা  
পঞ্চায়েতের মড়াইপিঁড়ির বাসিন্দা  
সুফল ঘোষেরও বাজ পড়ে মৃত্যু  
হয়। আর্থিক সাহায্য পেয়ে কৃতজ্ঞতা  
জানিয়েছে ওই চার পরিবার।